ভোরের কাগজ

১৭

তারিখ 14 DEC 199[illegible]
পৃষ্ঠা ৪২ কলাম ৬

# হরতাল নিয়ে ক্যাম্পাসে উত্তেজনা, গুলিবর্ষণ ও বোমাবাজি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় গতকাল রোববার হরতাল চলাকালে হরতালবিরোধী ও সমর্থনকারীদের মধ্যে গুলিবর্ষণ, বোমাবাজি, ধাওয়া-পাল্টা ধাওয়া ও মারধরের ঘটনা ঘটেছে। হরতাল সমর্থনকারী ছাত্রদলকে গতকাল ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল করতে দেয়নি।

দুপুরে ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারী ও সাধারণ সম্পাদক অজয় কর খোকনের নেতৃত্বে একটি মিছিল বের হয়। মিছিলটি প্রেসক্লাব হয়ে শাহবাগে পৌছলে বিএনপি ও ছাত্রদল কর্মীরা মিছিল লক্ষ্য করে গুলি ও বোমাবর্ষণ করে। বিএনপির একজন ওয়ার্ড কমিশনার খাজা হাবিবের নেতৃত্বে বিএনপি সমর্থকরা ৫ রাউন্ড গুলি ও ৬টি বোমার বিস্ফোরণ ঘটায় বলে ছাত্রলীগ কর্মীরা অভিযোগ করেছে। কিছুক্ষণ পর ছাত্রলীগ কর্মীরাও নজরুলের মাজারের সামনের রাস্তায় ৪ রাউন্ড ফাঁকা গুলিবর্ষণ করে। এ ঘটনায় কেউ হতাহত হয়নি। ছাত্রলীগ পরে মধুর ক্যান্টিনের সামনে একটি সমাবেশের আয়োজন করে।

ছাত্রদল কর্মীরা অভিযোগ করেছে, সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতিসহ ৪ জনকে ছাত্রলীগ কর্মীরা মারধর করে মধুর ক্যান্টিন থেকে বের করে দিয়েছে। সকালে ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি মঞ্জুর এলাহী মধুর ক্যান্টিনে আসলে উপস্থিত ছাত্রলীগ কর্মীরা তাকে মারধর করে। এরপর একে একে প্রচার সম্পাদক আনসার আলী খান জয়, মাযহারুল ইসলাম বাবু ওরফে বাটাম বাবু এবং মাসুম বিল্লাহ নামে অপর তিনজন ছাত্রদল নেতাকর্মীকেও মারধর করে মধুর ক্যান্টিন থেকে তারা বের করে দেয়। মাসুম বিল্লাহ ঢাকা মেডিকেল কলেজে চিকিৎসাধীন আছে।

গতকাল সারাদিন বিশ্ববিদ্যালয় এলাকায় থেমে থেমে বোমার শব্দ শোনা গেছে।

SHEET —— OF —— SHEETS